গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-৬
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.০০০.১০৬.১১.০০৪২.২৫-১৫৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর "স্টেশন অফিসার" (গ্রেড-১২), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর "মেডিকেল অফিসার" (গ্রেড-৯), "সহকারী রেজিষ্ট্রার" (গ্রেড-৯), "ইমার্জেন্সি মেডিকেল অফিসার" (গ্রেড-৯) এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর "এসিস্ট্যান্ট প্রোগ্রামার" (গ্রেড-৯) পদসমূহের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর **"স্টেশন অফিসার" (গ্রেড-১২)** [বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০৬.২৩, বিজ্ঞপ্তি নং-৫০] ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর **"মেডিকেল অফিসার"** (গ্রেড-৯), **"সহকারী রেজিষ্ট্রার"** (গ্রেড-৯), **"ইমার্জেন্সি মেডিকেল অফিসার"** (গ্রেড-৯) [বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২৫ বিজ্ঞপ্তি নং- ২৪, ২৫ ও ২৬] পদসমূহের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর **"এসিস্ট্যান্ট প্রোগ্রামার"** (গ্রেড-৯) [বিজ্ঞপ্তির তারিখ: ২৫.০৩.২৫ বিজ্ঞপ্তি নং- ৮৯] পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| **১২.০৭.২০২৬ রবিবার** দুপুর **১২:৩০** মিনিট থেকে বিকাল **৪:৩০** মিনিট পর্যন্ত। | স্টেশন অফিসার (গ্রেড-১২) | ১. শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | **000001-006605** | ১১০০ জন |
| | | ২. শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | **006617-701150** | ১১০০ জন |
| | | ৩. মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | **701168-801175** | ২০৬ জন |
| **১৯.০৭.২০২৬ রবিবার** দুপুর **১২:০০** মিনিট থেকে বিকাল **৪:০০** মিনিট পর্যন্ত। | এসিস্ট্যান্ট প্রোগ্রামার (গ্রেড-৯) | ১. শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | **000001-800096** | ৬৮৪ জন |
| | মেডিকেল অফিসার (গ্রেড-৯) | ২. মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | **000001-800280** | ১৬০ জন |
| | সহকারী রেজিষ্ট্রার (গ্রেড-৯) | | **000062-700021** | ১০ জন |
| | ইমার্জেন্সি মেডিকেল অফিসার (গ্রেড-৯) | | **000004-800089** | ২৯ জন |

## পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২. কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৩. মোবাইল ফোন, কোনো ধরণের ইলেকট্রনিক্স যোগাযোগ যন্ত্র, ডেবিট/ক্রেডিট কার্ড বা ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু, হাতঘড়ি, বই, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। **তবে "স্টেশন অফিসার" পদের প্রার্থীগণ সাধারণ ক্যালকুলেটর এবং "এসিস্ট্যান্ট প্রোগ্রামার" পদের প্রার্থীগণ সায়েন্টিফিক নন-প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন।** পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে পরীক্ষার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, যেকোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৪. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

৫. **স্টেশন অফিসার (গ্রেড-১২) পদের পরীক্ষার্থীদেরকে বাংলা-৫০ নম্বর, ইংরেজি-৫০ নম্বর, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ নম্বর এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৬. **মেডিকেল অফিসার (গ্রেড-৯), সহকারী রেজিষ্ট্রার (গ্রেড-৯), এবং ইমার্জেন্সি মেডিকেল অফিসার (গ্রেড-৯) পদের পরীক্ষার্থীদেরকে বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ নম্বর এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেসনাল বিষয়ের-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পদসমূহে কোনো প্রার্থী একাধিক পদে (মেডিকেল অফিসার, সহকারী রেজিষ্ট্রার ও ইমার্জেন্সি মেডিকেল অফিসার) আবেদন করে থাকলে তিনি যে-কোনো একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন এবং একটি পদে উত্তীর্ণ হলে একই নিয়োগযোগ্যতায় তার আবেদনকৃত অন্য পদেও উত্তীর্ণ হবেন।**

৭. **এসিস্ট্যান্ট প্রোগ্রামার (গ্রেড-৯) পদের পরীক্ষার্থীদেরকে বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ নম্বর এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেসনাল বিষয়ের-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৮. পরীক্ষার্থীদেরকে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। পরীক্ষার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসজ্ঞিক টেকনিক্যাল/প্রফেশনাল/গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থিতা বাতিল হবে।

১০. **হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদেরকে ০৭.০৭.২০২৬ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময়ে] শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৬ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১২. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১৩. **পরীক্ষার্থীদের কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১৪. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)